



জামায়াত ক্ষমতায় এলে ইসলামের আইনে দেশ চালাবে নাহ: চরমোনাই পীর



চরমোনাই পীর রেজাউল করিম। ছবি: সংগৃহীত

ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির মুফতি রেজাউল করিম বলেছেন, যেসব দল নির্বাচন করছে তাদের নীতি-আদর্শ আগে বিবেচনা করা জরুরি। তার দাবি, জামায়াতে ইসলামীর শীর্ষ নেতারাও বিভিন্ন সময়ে জানিয়েছেন, ক্ষমতায় গেলে তারা ইসলামি শরিয়াহ নয়, বরং প্রচলিত আইন অনুযায়ী রাষ্ট্র পরিচালনা করবেন। সোমবার (২ ফেব্রুয়ারি) ব্রাহ্মণবাড়িয়ার নবীনগর হাই স্কুল মাঠে এক নির্বাচনী জনসভায় বক্তব্য রাখতে গিয়ে তিনি এসব কথা বলেন। রেজাউল করিম বলেন, বিএনপি ও তাদের জোট যে আদর্শে দেশ পরিচালনার কথা বলে, সেটি মূলত প্রচলিত গণতান্ত্রিক ধারা, যা বহু বছর ধরে এ দেশে চর্চিত। তার ভাষ্য মতে, এই ধারার উৎস পাশ্চাত্য রাজনৈতিক দর্শন, যার সঙ্গে আব্রাহাম লিংকনের নাম জড়িত। তিনি আরও দাবি করেন, জামায়াতের নেতৃত্বাধীন ১১ দলীয় জোটও আসন্ন ১২ ফেব্রুয়ারির নির্বাচনে অংশ নিয়ে একইভাবে প্রচলিত আইনেই রাষ্ট্র পরিচালনার কথা বলেছে। তাই দীর্ঘদিন ধরে যে ব্যবস্থায় দেশ চলেছে, সেই একই কাঠামোয় ফিরে গেলে জনগণ প্রকৃত শান্তি বা মুক্তি পাবে না বলে মন্তব্য করেন তিনি। এ সময় ইসলাম প্রতিষ্ঠার লক্ষ্যে ইসলামী আন্দোলন বাংলাদেশকেই একমাত্র কার্যকর রাজনৈতিক শক্তি হিসেবে উল্লেখ করেন মুফতি রেজাউল করিম।